

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এপিএ শাখা।

**বিষয় :** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০২০-২০২১ অর্থ  
বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার  
জন্য নেতৃত্ব কমিটির জুম সভার কার্যবিবরণী।

|            |   |  |
|------------|---|--|
| সভাপতি     | : | জনাব মোঃ রেজাউল আহসান                        |
| সময়       | : | সকাল ৩.৩০।                                   |
| তারিখ      | : | ১২/১০/২০২০ খ্রি।                             |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ। |

সভায় উপস্থিতি পরিশিষ্ট-‘ক’-তে।

পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুধুমাত্র কৌশলের উপর ১ম কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য ত্রৈমাসিক সভা গত ১২/১০/২০২০ তারিখে শুধুমাত্র কৌশলের উপর ১ম কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য ত্রৈমাসিক সভা গত ১২/১০/২০২০ তারিখে বিকাল ৩.৩০ ঘটিকায় জুম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ‘পরিশিষ্ট-ক’ তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের জাতীয় সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের জাতীয় শুধুমাত্র কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

### আলোচনা :

এবিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৯.১, ৯.৩, ৯.৪, ৯.৫ কার্যক্রমের সংশোধনের বিষয়ে সভায় আলোচনা হয় এবং উল্লিখিত কার্যক্রমসমূহের সংশোধনের প্রস্তাব সর্বসমতিক্রমে গৃহীত হয়। পরবর্তীতে এবিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১' অর্থবছরে পরিবীক্ষন ছক মোতাবেক ১ম কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি এবিভাগ ও অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর লক্ষ্যমাত্রা ও অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিভিন্ন দপ্তর/সংস্থার বেশকিছু সূচকের ক্ষেত্রে ১ম কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সম্মতজনক না হওয়ায় সভাপতি মহোদয় অসম্মোষ প্রকাশ করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে দপ্তর/সংস্থা সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল এর সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :


- ক) এবিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রিপরিষদ  
বিভাগের প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) জাতীয় সমবায় বিধিমালা/২০১১ সংশোধন বিষয়ে দুটি কার্যক্রম সম্পাদন এবং এবিষয়ে অগ্রগতি  
এপিএ শাখাকে অবহিত করার জন্য সমবায় ও প্রশাসন শাখাকে পত্র প্রেরণ করতে হবে।

গ) জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা/২০১২ সংশোধনের বিষয়ে জরুরী কার্যক্রম গ্রহণ এবং এবিষয়ে  
অগ্রগতি এপিএ শাখাকে অবহিত করার জন্য প্রতিষ্ঠান-২ শাখাকে পত্র প্রেরণ করতে হবে।

ঘ) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কর্মচারী প্রবিধানমালা প্রণয়ন এবং এবিষয়ে  
অগ্রগতি এপিএ শাখাকে অবহিত করার জন্য প্রতিষ্ঠান-২ শাখাকে পত্র প্রেরণ করতে হবে।

০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার  
সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ রেজাঁউল ইসলাম)

সচিব  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ